

**যমুনা অয়েল কোম্পানী লিমিটেড**  
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)  
আম্বাবাদ বা/এ, চট্টগ্রাম  
বিপণন ডিভিশন

সূত্রঃ ২৮.২৪.০০০০.০০২.৫২.০০১.২১

তারিখঃ ০৪-০৩-২০২১ খ্রিঃ।

**বিজ্ঞপ্তি**

**বিষয়ঃ শেয়ার হোল্ডারগণের মধ্য হতে ০১ (এক) জন পরিচালক নির্বাচন প্রসঙ্গে।**

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর আর্টিকেল অব এসোসিয়েশন এর ধারা ১২৮ ও BSEC's Notification no. BSEC/CMRRC/2009-193/217/Admin/90 dated 21 May, 2019 অনুযায়ী সাধারণ শেয়ার হোল্ডারগণের মধ্য হতে ০১ (এক) জন পরিচালক নির্বাচনের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পত্র সূত্রঃ ২৮.২৪.০০০০.০১৪.১৮.০০১.২১/১৮৩ তারিখঃ ২২-০২-২০২১ খ্রিঃ এর মাধ্যমে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে "নির্বাচন কমিশন" গঠন করা হয়:

- |   |                           |
|---|---------------------------|
| ১। জনাব মোঃ আইয়ুব হোসেন, জিএম (মার্কেটিং)      | - প্রধান নির্বাচন কমিশনার |
| ২। জনাব মোঃ মাসুদ করিম, জিএম (এইচ আর)           | - নির্বাচন কমিশনার        |
| ৩। জনাব মোহাম্মদ খসরু আজাদ, ডিজিএম (ফাইন্যান্স) | - নির্বাচন কমিশনার        |

সাধারণ শেয়ার হোল্ডারগণের মধ্য হতে ০১ (এক) জন পরিচালক নির্বাচনের নিমিত্তে কোম্পানির রেজিস্টার্ড অফিস যমুনা ভবন, আম্বাবাদ বা/এ, চট্টগ্রাম থেকে ২৩-০২-২০২১ হতে ০১-০৩-২০২১ তারিখ পর্যন্ত ০১ (এক) জন প্রার্থী নমিনেশন ফরম সংগ্রহ করেন। প্রার্থী যথারীতি নির্ধারিত ০২-০৩-২০২১ তারিখের মধ্যে পূরণকৃত আবেদনপত্র জমা প্রদান করেন। আবেদনকৃত প্রার্থী হলেন:-


- ১। মেসার্স স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, নমিনী-মিসেস আনিকা চৌধুরী, বিও আইডি নং-১২০১৫৬০০০০০২০৯০৭

নমিনেশন পত্র প্রত্যাহারের শেষ তারিখঃ ০৩-০৩-২০২১ এর মধ্যে উপরোল্লিখিত আবেদনকারী প্রার্থীতা প্রত্যাহার করেন নাই।

মেসার্স স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, নমিনী-মিসেস আনিকা চৌধুরী-এর প্রার্থীতার আবেদনপত্র যাচাই বাছাই করে সঠিক পাওয়া যায় এবং আর্টিকেল অব এসোসিয়েশন এর ধারা ১২৮ ও BSEC's Notification no. BSEC/CMRRC/2009-193/217/Admin/90 dated 21 May, 2019 অনুযায়ী রেকর্ড ডেট এ তাঁর বিও আইডি নং-১২০১৫৬০০০০০২০৯০৭ -তে ন্যূনতম ২.৭২৭৬৫৫% (৩০১২০০২ টি) শেয়ার বিদ্যমান পাওয়া যায়। অতএব, মেসার্স স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, নমিনী-মিসেস আনিকা চৌধুরী-এর প্রার্থীতা বৈধ।

ফলাফলঃ কমিশন মেসার্স স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, নমিনী-মিসেস আনিকা চৌধুরী, বিও আইডি নং-১২০১৫৬০০০০০২০৯০৭- কে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী ঘোষণা করে।

সংযুক্তিঃ নির্বাচনী ফলাফল।

  
(মোঃ আইয়ুব হোসেন)  
মহাব্যবস্থাপক (বিপণন)  
প্রধান নির্বাচন কমিশনার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। ব্যবস্থাপনা পরিচালক
- ২। কোম্পানী সচিব